FRONTEX / EURP ईयू पुनर्एकीकरण कार्यक्रम (ईयूआरपी)

# বিদেশফেরতদের পুনরেকত্রীকরণ কর্মসূচি

## ফ্রন্টেক্স জয়েন্ট রিইন্ট্রিগ্রেশন সার্ভিসেসের আওতায়



বাংলা সংস্করণ

**আপনার পাশে আছি আমরা**

European Technology and Training Centre

LIFE Makers EGYPT

caritas international.be

WELDO Rebuilding Lives

IRARA

# স্বেচ্ছায় দেশে ফিরলে কী কী সুবিধা পাবেন?

**আমরা বুঝি যে আপনার নিজের দেশে ফিরে যাওয়া কঠিন হতে পারে। আপনার পাশে আছি আমরা। দেশে ফেরার প্রস্তুতি নিতে আমরা আপনাকে সহায়তা করতে চাই। দেশে ফিরলে কী কী সুবিধা পেতে পারেন সে সম্পর্কেও আমরা আপনাকে জানাতে চাই।**

আপনি যদি স্বেচ্ছায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন বা ইউরোপীয় ইউনিয়নের কোন সদস্য রাষ্ট্র আপনাকে নিজের দেশে ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিয়ে থাকে, তাহলে আপনি নিজ দেশে ফিরে পরিবার ও সমাজে পুনরেকত্রীকরণের জন্য বেশ কিছু সহায়তা পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হতে পারেন। ফ্রন্টেক্স- ইউরোপীয় বর্ডার অ্যান্ড কোস্ট গার্ড এজেন্সি, **জয়েন্ট রিইন্ট্রিগ্রেশন সার্ভিসেস** নামের একটি প্রকল্প চালু করেছে যার সঙ্গে আপনার দেশের বেসরকারি সংস্থাও যুক্ত আছে যাদের বিদেশ-ফেরতদের পুনরেকত্রীকরণে সহায়তা কাজের অভিজ্ঞতা রয়েছে। আপনি দেশে ফিরে নতুন জীবন শুরু করতে চাইলে এই সংস্থা আপনাকে সহায়তা করতে প্রস্তুত।

দেশে ফেরার প্রক্রিয়াটি আপনার কাছে জটিল মনে হতে পারে। আপনার মাথায় আসতে পারে নানা প্রশ্ন, তৈরি হতে পারে উদ্বেগ। এই সময়ে আপনাকে সাহায্য করার জন্য রয়েছে আমাদের বিশেষায়িত কর্মীরা, যেমন: রিটার্ন অ্যান্ড রিইন্টিগ্রেশন কাউন্সেলর। তারা আপনাকে দেশে ফেরা ও পুনরেকত্রীকরণের প্রক্রিয়ার আইনগত, প্রশাসনিক এবং মনোসামাজিক দিকগুলো সম্পর্কে জানাবেন যা আপনাকে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

আপনার যদি বিশেষ সহায়তার প্রয়োজন হয় অর্থাৎ আপনি যদি অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক, অন্তঃসত্ত্বা নারী, মানবপাচারের শিকার, অসুস্থ, প্রতিবন্ধী হন অথবা আপনার সঙ্গে যদি কোন শিশু থাকে- তাহলে অনুগ্রহ করে আপনার রিটার্ন অ্যান্ড রিইন্টিগ্রেশন কাউন্সেলরকে জানান। আপনার যেকোন ব্যক্তিগত অবস্থা ও সার্বিক পরিস্থিতি ও চাহিদা বিবেচনা করে তিনি আপনার পুনরেকত্রীকরণ সহায়তা নিশ্চিত করবেন।

# আমি কি পুনরেকত্রীকরণ সহায়তা পাওয়ার যোগ্য?

আপনি পুনরেকত্রীকরণ সহায়তা পেতে পারেন যদি:

**ক.** আপনি যে দেশে এখন আছেন সেখানে থাকতে পারবেন কী না কিংবা আপনার আবেদন, আইনগত বাসস্থান এবং/অথবা আন্তর্জাতিক সুরক্ষার (রাজনৈতিক আশ্রয়) বিষয়ে যদি **আপনি এখনো কোন চূড়ান্ত নেতিবাচক সিদ্ধান্ত না পেয়ে থাকেন** এবং এমন অবস্থায় দেশে ফেরার সিদ্ধান্ত নেন তাহলে সেটি হবে স্বেচ্ছায় ফিরে যাওয়া। আপনার এই **স্বেচ্ছায় ফিরে যাওয়ার** বিষয়ে আমরা কথা বলতে পারি।

**খ.** **আপনি চূড়ান্ত নেতিবাচক একটি সিদ্ধান্ত পেয়েছেন**। এবং/ অথবা যার প্রেক্ষিতে দেশে ফেরত যাওয়ার নির্দেশনা এসেছে যে, কোন সুনির্দিষ্ট তারিখের মধ্যে আপনাকে চলে যেতে হবে। এমন অবস্থায় আপনি আপনার নিজের দেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। সেক্ষেত্রে স্বেচ্ছায় প্রস্থান নিয়ে কথা বলি। আপনি ইউরোপের যে দেশে বসবাস করছেন সেই দেশের কর্তৃপক্ষ আপনাকে আপনার পুনরেকত্রীকরণ সহায়তা পাওয়ার সম্ভাবনা এবং আপনাকে সে দেশ ছেড়ে যাওয়ার চূড়ান্ত সময়সীমা সম্পর্কে অবহিত করবে।

যদি আপনি ইউরোপীয় ইউনিয়নের একটি সদস্য রাষ্ট্রে অবস্থানের অধিকার কিংবা আইনি বসবাসের অধিকার এবং/ অথবা আন্তর্জাতিক সুরক্ষা পেয়ে থাকেন **তাহলে আপনি পুনরেকত্রীকরণ সুবিধা পাবেন না।**

**গ.** অনুচ্ছেদ খ যেভাবে ব্যাখা করা হয়েছে সে অনুযায়ী **আপনাকে ফেরত যেতে হবে-এমন সিদ্ধান্ত জানানো হয়েছে** কিন্তু আপনি আপনাকে দেওয়া নির্ধারিত সময়সীমার মধ্যে স্বেচ্ছায় প্রস্থানের সিদ্ধান্ত নেননি। এখন আপনাকে জোরপূর্বক দেশে ফেরত পাঠানোর সিদ্ধান্ত হয়েছে এবং আপনি এই বাস্তবতা মেনে নিয়েছেন।

**অনুগ্রহ করে মনে রাখবেন** আপনি জয়েন্ট রিইন্টিগ্রেশন সার্ভিসেসের আওতায় পুনরেকত্রীকরণ সহায়তা পাওয়ার যোগ্য কী-না এই সিদ্ধান্ত শুধু ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলি নিজেদের জাতীয় আইন অনুসারে নির্ধারণ করার এখতিয়ার রাখে।

# পুনরেকত্রীকরণে কী কী সহায়তা পাওয়া যায়?

জয়েন্ট রিইন্টিগ্রেশন সার্ভিসেস-এর অধীনে দুই ধরনের সহায়তা দেওয়া হয়।

**স্বল্পমেয়াদি সহায়তা:** দেশে ফিরে আসার পরে বিমানবন্দরে আপনি কিছু জরুরি সহায়তা পেতে পারেন যেমন সাময়িক আবাসন, জরুরি চিকিৎসা, বাড়িতে পৌঁছানো, পরিবারের সঙ্গে যোগাযোগ ও সীমিত মাত্রায় আর্থিক সাহায্য।

**দীর্ঘমেয়াদি সহায়তা:** আপনার জন্য সর্বোচ্চ ১২ মাস মেয়াদি একটি পুনরেকত্রীকরণ পরিকল্পনা গ্রহণ করা হতে পারে। যে দেশ থেকে আপনি ফেরত যাচ্ছেন সেদেশে অবস্থানরত আপনার রিটার্ন অ্যান্ড রিইন্টিগ্রেশন কাউন্সেলর এবং আপনার নিজের দেশে আমাদের মনোনীত সংস্থা, আপনি দেশে ফেরা মাত্রই আপনার সঙ্গে পুনরেকত্রীকরণের বিষয়গুলো নিয়ে আলোচনা করবে এবং যেটি সবচেয়ে ভালো হয় সেটি বাস্তবায়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। দীর্ঘমেয়াদি পুনরেকত্রীকরণের উদাহরণগুলি হল:

**দীর্ঘমেয়াদি আবাসন এবং সংশ্লিষ্ট খরচ**

**নিয়মিত চিকিৎসা সহায়তা**

**শিক্ষা (প্রথাগত ও বৃত্তিমূলক প্রশিক্ষণ)**

**চাকরি সংক্রান্ত পরামর্শ এবং শ্রমবাজারে অর্ন্তভূক্তিতে সহায়তা**

**ক্ষুদ্র ব্যবসা শুরু করতে সহায়তা**

**পারিবারিক পুনরেকত্রীকরণ**

**আইনি পরামর্শ ও প্রশাসনিক সহায়তা প্রদান**

**মনোসামাজিক সেবা**

উভয় ক্ষেত্রেই আপনি পুনরেকত্রীকরণ অংশীদারের কাছ থেকে সহায়তা পাবেন এবং তারা পুনরেকত্রীকরণ বিষয়ে আপনাকে বিস্তারিত জানাবে, পরিকল্পনা ও বাস্তবায়ন এবং নিয়মিত পর্যবেক্ষণ করবে। প্রয়োজন  হলে তারা আপনাকে সেবা বা প্রতিষ্ঠানে রেফারেল হিসেবে সেবা দেওয়ার জন্য পাঠাতে পারে।

# রিটার্ন অ্যান্ড রিইন্টিগ্রেশন কাউন্সেলরের কাছ থেকে কী সহায়তা পেতে পারি?

রিটার্ন কাউন্সেলরের সঙ্গে সরাসরি কথা বলা ও সেশনের সময়ে আপনি আপনার দেশে ফেরত যাওয়ার বিষয়ে নানা তথ্য পাবেন এবং পাশাপাশি দেশে ফিরলে পুনরেকত্রীকরণে কী কী সহায়তা পেতে পারেন সে ব্যাপারে বিস্তারিত তথ্য জানতে পারবেন। আপনার কাউন্সেলর আপনাকে সহায়তা করার জন্য যথাযথভাবে প্রশিক্ষিত এবং তিনি আপনার পুনরেকত্রীকরণ সংক্রান্ত সকল প্রশ্নের উত্তর দিতে পারবেন। আপনি যেকোন সময় নিজের আবেদন সংশ্লিষ্ট অধিকার ও সেবার বিষয়ে আপনার কাউন্সেলরকে প্রশ্ন করতে পারবেন। সেশন চলাকালীন সময়ে আপনি কাউন্সেলরের ভাষায় কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ না করলে দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন।

যদি আপনি পুনরেকত্রীকরণ সহায়তা পেতে আগ্রহ প্রকাশ করেন তাহলে আপনার আবেদন প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য আপনার কাউন্সেলরকে কিছু গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করতে হবে। এসময় তিনি আপনাকে নিজের ব্যক্তিগত পরিচয় সংক্রান্ত কাগজপত্র, পরিবারের সদস্য ও তাদের সঙ্গে যোগাযোগের বিস্তারিত বিবরণ এবং গন্তব্য সম্পর্কে তথ্য দিতে অনুরোধ করবেন। আইনি বাধ্যবাধকতার কারণে এই তথ্য সংগ্রহ করা হবে তথ্য সুরক্ষা নীতিমালা অনুসরণ করে। তবে এ সংক্রান্ত কোন বিশেষ চাহিদা থাকলে আপনি আপনার কাউন্সেলরকে জানাতে দ্বিধা করবেন না।

আবেদন করার সময় আপনাকে একটি ফরম পূরণ করতে এবং আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করার জন্য ফ্রন্টেক্সকে অনুমতি দিতে বলা হবে। এই তথ্য আপনার পরিচয় নিশ্চিত করার জন্য পুনরেকত্রীকরণ অংশীদারের প্রয়োজন এবং শুধুমাত্র এই উদ্দেশ্যেই ব্যবহৃত হবে- যা ইউরোপিয়ান জেনারেল ডেটা প্রটেকশন রেগুলেশন অনুসরণ করে বাস্তবায়িত হবে।

**মন্তব্য**

______________________________

______________________________

______________________________

______________________________

______________________________

______________________________

# আমি (স্থানীয়) পুনরেকত্রীকরণ অংশীদারের কাছ থেকে কী সহায়তা আশা করতে পারি?

আপনি  নিজ দেশে পৌঁছানোর পর আমাদের পুনরেকত্রীকরণ অংশীদার আপনার বিষয়টি তত্ত্বাবধান করবেন। আপনি যদি স্বল্পমেয়াদি সহায়তা চান তাহলে সংস্থাটি আপনাকে বিমানবন্দরে জরুরি সহায়তা দিয়ে সাহায্য করতে পারে। যদি আপনি দীর্ঘমেয়াদে সহায়তা গ্রহণ করেন, তাহলে আমাদের পুনরেকত্রীকরণ অংশীদার আপনার সঙ্গে যোগাযোগ রাখবে এবং আপনার নানা প্রশ্নের উত্তর দেবে। সহায়তা পেতে আমরা পুনরেকত্রীকরণ অংশীদারের সঙ্গে আপনাকে যোগাযোগ করতে উৎসাহিত করছি। কোন প্রশ্নের সমাধান বা দ্বিধা দূর করতে আপনি নিজেই আমাদের পুনরেকত্রীকরণ অংশীদারের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

!

## যা মনে রাখতে হবে:

পুনরেকত্রীকরণ অংশীদার বা তার স্থানীয় সহযোগীরা আপনাকে শুধুমাত্র অফিস চলাকালীন সময়েই সহায়তা প্রদান করবেন।

পুনরেকত্রীকরণ অংশীদার বা তার স্থানীয় সহযোগীর সঙ্গে অসৌজন্যমূলক বা বিরক্তিকর আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

আপনার সব সমস্যার সমাধান পুনরেকত্রীকরণ অংশীদার করতে পারবেন না। তাদের কাজ শুধুমাত্র আগেই চূড়ান্ত হওয়া সহায়তাগুলো প্রদানের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

আবেদন প্রক্রিয়া শুরু করার জন্য আপনার একটি শনাক্তকরণ কাগজপত্রের প্রয়োজন পড়বে।

আবেদন প্রক্রিয়া চূড়ান্ত করতে আপনাকে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করতে হবে।

**অনুগ্রহ করে আপনার দেশে আমাদের পুনরেকত্রীকরণ অংশীদারের সঙ্গে যোগাযোগ করুন।**

সকল তথ্য পাবেন এই ওয়েবসাইটে →




FPI - 23.0027